# বিদ্যালয়ের এন. সি. সি. কথা

## শ্রী সুধাংশুশেখর ঘোষ (প্রাক্তন শিক্ষক)

ক্লাস থেকে ফিরছি, Statf Room-এ। গান্ধী দা বলল "হেড স্যার আপনাকে একবার দেখা করতে বলেছেন" ছুটির পর দেখা করলাম প্রধান শিক্ষকের সাথে। একথা সে কথার পর উনি বললেন "তুমি 20 Bengal Bn. এর D.C-র সাথে দেখা করে এসো। হয়তো তোমাকে NCC Training এ যেতে হবে।"

সেটা ছিল 1974 সাল। প্রাক্তন প্রধান শিক্ষক শ্রী বিমল চন্দ্র পালের চেষ্টায় আমাদের স্কুলে N.C.C Troop চালু করার অনুমোদন পাওয়া গেল। তাই

NCC সম্পর্কিত কাজে দু'একবার 20 Bengal BN অফিসে প্রাক্তন শিক্ষক প্রয়াত মৃদুলকান্তি চক্রবর্তী মহাশয়ের সঙ্গে গেছি। কিন্তু বিমলদা যা বললেন তাতো কখনো ভাবিনি। এদিকে তাঁর কথা অমান্য করতে না পেরে অনিচ্ছাসত্ত্বেও একদিন হাজির হলাম 20 Bengal BN এর Officer Commanding এর সামনে। বোধহয় নির্বাচনের প্রাথমিক পর্বটা সেদিনই সারা হলো। কারণ পরবর্তী ও চূড়ান্ত নির্বাচনের জন্য Writers Building-এ Interview Board এর সামনে হাজির হলাম। তারপর একদিন Medical Test হলো। 1974 September মাসের মাঝামাঝি পুনের পুরন্দরপাহাড়ে অবস্থিত NCC Academy তে School এ Scout ও কলেজে NCC করার অভিজ্ঞতা নিয়ে যাগ দিলাম Pre-Commission Training এর জন্য।

নতুন পরিবেশ, কঠোর পরিশ্রমের মধ্যে চলল Training। খুবই কষ্ট হচ্ছিল প্রথমদিকে। সারাদিনের ঠাসা Programme এর চাপে অন্য কিছু ভাবার সময় ছিল না। ভোর থেকে শুরু করে মাঝে ¾ ঘন্টা বাদ দিয়ে P.T., Drill, Theoretical class, Surprise Test, Baonet Fighting, Firing, Games, Library Club House এ যাওয়া প্রভৃতি সেরে Free হতাম রাত ৮ টার পর। তিন মাসের Training এর অনেক ঘটনার মধ্যে উল্লেখযোগ্য Mock Fighting বা নকল যুদ্ধের মহড়া। খোলা মাঠের দু'প্রান্তে দু'দল সৈন্য। সারাদিন চলল লড়াই। যুদ্ধের নানা কৌশল শেখানো হোল। দারুন অভিজ্ঞতা। আর একটা ঘটণার কথা উল্লেখ করছি। Final Exam এর পর Passing Out Parade হোল। Training Period এর শেষদিনে। সম্পূর্ণ নতুন

Uniform পরে, দীর্ঘ অনুশীলনের পরে Director General of NCC এবং মহারা্ট্রের মুখ্যমন্ত্রীকে Guard of Honour দেওয়া হোল। Parade শেষে D.G. তাঁর ভাষণ শুরু করলেন। It was an excellent Parade- দিয়ে। Drill Inspector ভ্রমর সিং এর দু'চোখে জল। আনন্দাশ্রু। রাত্রে বড়াখানার রাত 12 টা বাজার সঙ্গে সঙ্গে আমাদের পাঠিয়ে দেওয়া হোল Rank Batch এ। Officer Cadet থেকে হলাম NCC Senior Commissioned Officer । সেই আবেগঘন মুহূর্তে আমরা একে অপরকে আনন্দে জড়িয়ে ধরলাম।

শেষ হোল Training। December মাসের মাঝামাঝি ফিরে এলাম। এই সময়ে শিক্ষক মৃদুল বাবু ও আবু সইদ মিস্ত্রী Troop এর কাজ দেখাশোনা করতেন। দায়িত্ব বুঝে নিয়ে শুরু করলাম। Battalion এর নির্ধারিত

Programme অনুযায়ী চলল Cadet দের ট্রেনিং। 100 জন Cadet কে নিয়মিত ভাবে PI Staff ও আমি অনুশীলন করাতাম। বহু ভাল ছাত্র সে সময় NCC তে যোগ দিত। Senior Cadet রা Junior Cadet দের প্রতি লক্ষ্য দিত এবং troop এর কাজে সাহায্য করতো। এঁদের মধ্যে প্রদীপ দে ও তপন দেবনাথ প্রথম দিকে Senior Cadet হিসাবে যথেষ্ট দায়িত্ব বোধের পরিচয় দেয়। আরও অনেক Senior Cadet উল্লেখযোগ্য ভাবে কাজ করেছে। তবে C.S.M মৃন্ময় বিশ্বাস যেভাবে Junior দের দেখাশুনা করতো বা Troop এর কাজে সাহায্য করতো বা School এর বিভিন্ন কাজে তার ভূমিকা বিশেষভাবে মনে পড়ে।

নিয়মিত Training Camp এ যোগাযোগ, Social work, Firing প্রভিতির মধ্য দিয়ে চলতে লাগল Cadet দের অগ্রগতি। সব Camp এ না যেতে পারলেও বেশীর ভাগ Camp এ আমি ছেলেদের সঙ্গে থেকেছি। Bn পরিচালিত 'A' Certificate পরীক্ষায় আমাদের Cadet দের সাফল্যের হার 100%। যা এখনও অব্যাহত। নানারকম Camp যেমন CATC, BLC, NIC, Local RD, Pre R.D. প্রভৃতি Camp এ যোগদান করে Cadet রা নানা ভাবে Trained হচ্ছে। কয়েকটি বিশেষ Camp এর উল্লেখ করছি।

1976 May মাসে দীঘাতে হোল CATC । 25 জন Cadet নিয়ে আমি যোগ দিলাম বিভিন্ন বিভাগে Competition হয়। Cultural বিভাগে প্রথম স্থান অধিকার করে শঙ্কর এলিজ।

এরপর Barrackpore এর জাফরপুরে, Diamond Harbour Naval Coast, Fort Willium (Red Road) প্রভৃতি জায়গায় Camp হয় এবং আমাদের Cadet রা যোগ দেয়।

1986 -- Binnaguri CATC তে আমাদের 20 জন ও মল্লিকপুর স্কুলের 20 জন Cudet নিয়ে যৌগ দিই।ঐ Camp এ আমাদের Cadet রা উল্লেখযোগ্য সাফল্য পায়। দলগত ভাবে Drill Competition এ ১ম। ব্যক্তিগত সাফল্য পায় জয়দীপ চক্রবর্তী (বর্তমানে বিদ্যালয়ের শিক্ষক ) Firing এবং Quiz এ প্রথম স্থান দখল করে। ঐ চাম্প এ আমি Purchasing Officer নিযুক্ত হওয়ায় মৃম্ময় (CSM ) Cadet দের দেখাশুনার দায়িত্ব পালন করে।

এরই ফাঁকে 1980 তে আমি Refresher Course করে Third Officer থেকে Second Officer হলাম। 1986 আবার Refresher করে হলাম 1st Oficer এবং শেষে 1993 তে Chief Officer পদে উন্নীত হলাম।

বিদ্যালয়ের ১২৫ বৎসর পূর্ত্তি উৎসবে মাননীয় অতিথিদের Guard of Honour দেয় Cadet রা। উৎসব চলাকালীন শৃঙ্খলা রক্ষা ও বিভিন্ন কাজে Cadet রা অংশগ্রহণ করে।

এছাড়াও নিম্নলিখিত ক্যাম্পে যোগ দিই আমরাঃ

1989 -- September Salt Lake Stadium এ CATC তে।

1990 -- August Fort Willium ( Red Road) এ Local R.D. Camp এ যোগ দিই।

1991 -May KACHRAPARA AIR Field.

1991-September Diamond Harbour Naval Coust BLC

1993 -- Dec Red Road Local PRD Camp.

1994 -- July KANCHRAPARA AIR Field CATC.

1994 – বিশেষ ভাবে উল্লেখযোগ্য। October মাসে Delhi Cantonment এ PRD Camp এ যোগ দেয় সত্যনারায়ণ রায় ও অরুণ চক্রবর্তী নামে দুজন Cadet.

1995 – পরপর তিনটি FPRD Camp হয় Salt Lake Stadium Red Road এবং এর প্রত্যেকটিতে আমাদের Cadet রা যোগ দেয়।

1995-- February তে Andaman NIC ( National Camp ) আমাদের School এর সুব্রত বিশ্বাস ফকিরচাঁদ কলেজের একজন Cadet এবং 1st Bengal Bn. এর দুজন Girls cadet কেসঙ্গে নিয়ে আমি W.B. State এর প্রতিনিধিত্ব করি।

1996 -- Derjeeling Tracking Camp এ যোগ দেয় তিনজন Cadet তারপর কয়েকবছর Bn আয়োজিত Camp ছাড়া উল্লেখযোগ্য কোন Camp হয়নি।

1997-- আমি NCC থেকে অবসর নিই, যদিও পরবর্তী তিনবছর আমি Troop এর কাজ চালাই। তারপর বিদ্যালয়ের শিক্ষক শ্রী সন্দীপ ঠাকুরতা মহাশয় দায়িত্বভার গ্রহণ করেন। আমি দীর্ঘ দিনের দায়িত্বভার পালনে প্রাক্তণ প্রধান শিক্ষক শ্রী বিমল চন্দ্র পাল মহাশয়ের পরামর্শ ও সাহায্য কৃতজ্ঞতার সঙ্গে স্মরণ করি।